নামায সম্পর্কিত মাসআলাসমূহের
দলিলভিত্তিক বৃহৎ সংকলন

নামায-বিশ্বকোষ

১ম খণ্ড

রচনা

মুহাম্মদ ইনআমুল হক কাসেমী

দারুল ইফতা জামিয়াতুল উলূম আল ইসলামিয়া
আল্লামা বিন্নুরীটাউন, করাচি, পাকিস্তান।

অনুবাদ

মাওলানা আবু হানীফ

জামিয়া মাদানিয়া বারিধারা, ঢাকা।

প্রকাশনায়

আনোয়ার লাইব্রেরী

১১/১ ইসলামী টাওয়ার, বাংলাবাজার, ঢাকা।
মোবাইল : ০১৭১৫০২৭৫৬৩, ০১৯১৩৬৮০০১০

প্রথম প্রকাশ | নভেম্বর ২০১৯ইং

নামায-বিশ্বকোষ (১ম ও ২য় খণ্ড)

মূল | মুহাম্মদ ইনআমুল হক কাসেমী

অনুবাদ | মাওলানা আবু হানীফ

প্রকাশক | মাওলানা আনোয়ার হোসাইন
আনোয়ার লাইব্রেরী
১১/১ ইসলামী টাওয়ার
বাংলাবাজার, ঢাকা-১১০০

স্বত্ব | প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত

মূল্য | ৫০০.০০ টাকা মাত্র

জামিয়াতুল উলূম আল-ইসলামিয়া, আল্লামা বিন্নুরী টাউন করাচি, পাকিস্তান-এর মুহতামিম ও শায়খুল হাদীস, উস্তাযুল আসাতিযা, মাহবুবুল উলামা, আল্লামা ডক্টর আবদুর রাজ্জাক ইসকান্দারী সাহেবের

বাণী ও দু'আ

ইসলামের গুরুত্বপূর্ণ বড় একটি রুকন হলো নামায। এর গুরুত্ব, তাৎপর্য, মহত্ত্ব, বড়ত্ব ও শ্রেষ্ঠত্ব সম্পর্কে আমীরুল মু'মিনীন হযরত আলী রাযি.-এর অনুভূতি নিম্নরূপ–

নামাযের সময় হলে হযরত আলী রাযি.-এর চেহারার রং পরিবর্তন হয়ে যেত। লোকজন জিজ্ঞেস করতো, আমীরুল মু'মিনীন আপনার অবস্থা এমন কেন? জবাবে তিনি বলতেন– এখন ওই আমানত আদায়ের সময় হয়ে গেছে, আল্লাহ তা'আলা যে আমানত আসমান, জমিন, পাহাড়-পর্বতের উপর পেশ করেছিলেন। সেই আমানত গ্রহণে সকলেই ভয় পেয়ে গেল এবং অস্বীকার করে বসল। –ইহইয়াউ উলূমুদ্দীন

কুরআন কারীমে নামাযের ফযীলত ও তাকিদ সম্পর্কে অনেক বর্ণনা এসেছে। পাবন্দীর সাথে নামায আদায়ের কঠোর নির্দেশই এর গুরুত্ব ও ফযীলতের প্রমাণ বহন করে। ঈমানের পর নামাযই ইসলামের বড় রুকন।

রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইসলামের বুনিয়াদী পাঁচ রুকনের মধ্যে নামাযকে দ্বিতীয় রুকন সাব্যস্ত করেন। একজন মুসলমান নারী হোক বা পুরুষ, নামাযের পরিপূর্ণ ফযীলত ও বরকত লাভ তখনই করতে পারবে, যখন নামাযের প্রয়োজনীয় মাসাইল ও আহকাম সম্পর্কে পূর্ণ অবগত হবে। ফুকাহায়ে কেরাম নামাযের

ফিকহী মাসায়েল সম্পর্কে অত্যন্ত কঠোর পরিশ্রম করেছেন। এটা উম্মতে মুহাম্মাদীর উপর তাদের অনেক বড় অনুগ্রহ।

আলহামদুলিল্লাহ! আমাদের ইসলাম ধর্মের এমন কোনো বিষয় নেই, যার শরয়ী সমাধান আমাদের আকাবির, আসলাফ ও ফুকাহায়ে কেরাম করে দেননি।

আপনার হাতে نماز کے مسائل کا انسائیکلوپیڈیا কিতাবটি আমাদের জামিয়ার উস্তাদ সম্মানিত মুফতী মুহাম্মদ ইনআমুল হক কাসেমী সাহেবের সদ্য সংকলিত নামাযের মাসাইল সম্পর্কিত একটি অসাধারণ কিতাব। এতে তিনি নামাযের মাসাইলগুলোকে আরবী বর্ণমালা অনুসারে সাজিয়েছেন। মাশাআল্লাহ অনেক মেহনত ও পরিশ্রমের মাধ্যমে অত্যন্ত সুন্দর আঙ্গিকে কিতাবটি সংকলন করেছেন। ইতোপূর্বেও তিনি রোযা, যাকাত ও কুরবানীর মাসাইল সম্বলিত কিতাব রচনা করেছেন। কিতাবগুলো উলামায়ে কেরাম, ছাত্রসমাজ এবং সর্বসাধারণের মধ্যে গ্রহণযোগ্যতা অর্জন করেছে।

আল্লাহ তা'আলা তার এই প্রচেষ্টাকে কবুলিয়াতের শানে ভূষিত করুন এবং আমাদের সকলের জন্য নাজাতের উসিলা করুন। আমীন।

–ড. আবদুর রাজ্জাক ইসকান্দর

জামিয়া ফারুকিয়া করাচির মুহতামিম, পাকিস্তান বেফাক বোর্ডের চেয়ারম্যান, শায়খুল ইসলাম হোসাইন আহমদ মাদানী রহ.-এর প্রিয়ছাত্র, আলেমকুল শিরোমনি, উস্তাযুল উলামা, যুগশ্রেষ্ঠ মুহাদ্দিস, আকাবিরের প্রতিচ্ছবি শায়খুল হাদীস হযরত মাওলানা সলিমুল্লাহ খান সাহেবের

অভিমত ও দু'আ

الحمد لله و كفى وسلام على عباده الذين اصطفى، اما بعد!

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বাণী–

قرة عينى فى الصلوة.

'নামায আমার চোখের শিতলতা।' এ হাদীস অনুযায়ী নামায হলো চোখের শিতলতা এবং অন্তরের প্রশান্তি লাভের অন্যতম মাধ্যম। তদ্রুপ الصلوة معراج المؤمنين এর ভিত্তিতে নামায হলো সর্বোচ্চ মাকাম অর্জনের মাধ্যম। নামাযে আব্দ ও মা'বুদের মধ্যে হৃদয়গ্রাহী প্রেমালাপ এবং আত্মার পরিশুদ্ধি অর্জিত হয়। নামাযের প্রতিটি যিকির ও রুকনই অনুপম রেখাপাত সৃষ্টি করে থাকে, যা দিল-দেমাগকে এককভাবে বিমোহিত করে থাকে।

নামায যেমনিভাবে আল্লাহর নৈকট্য লাভের এক বিশেষ মাধ্যম, তেমনিভাবে বেহায়াপনা ও গুনাহ থেকে বেঁচে থাকারও মাধ্যম। তবে শর্ত হলো, নামাযের সকল নিয়ম ও আদব রক্ষা করে তা আদায় করতে হবে। 'কিয়ামতের ময়দানে সর্বপ্রথম নামাযের হিসাব হবে।' বান্দা যদি এখানে সফল হয়ে যায়, পরবর্তী সকল ঘাটিই তার জন্য

আসান হয়ে যাবে। বান্দার নামায ঠিক হয়ে গেলে অন্যান্য ইবাদতও ঠিক হয়ে যাবে।

করাচির আল্লামা বিন্নুরী টাউনে অবস্থিত জামিয়াতুল উলূম আল-ইসলামিয়ার স্বনামধন্য উস্তাদ ও মুফতী হযরত মাওলানা মুফতী ইনআমুল হক সাহেব নামাযের গুরুত্বের প্রতি লক্ষ রেখে 'নামাযকে মাসাইল কা এনসাইক্লোপিডিয়া' নামক একখানা কিতাব চারখণ্ডে সংকলন করেছেন। মাসাইলগুলো তিনি আরবী বর্ণমালার ক্রমানুসারে সাজিয়েছেন। সর্বসাধারণের প্রয়োজনীয় মাসাইল এবং আহলে ইলম তথা উলামায়ে কেরামের আগ্রহ ও রুচিবোধের প্রতি লক্ষ রেখে গুরুত্বের সাথে রেফারেন্স উল্লেখ করে দুই কোলই রক্ষা করেছেন।

দু'আ করি আল্লাহ তা'আলা যেন মুফতী সাহেবের এই খেদমতকে কবুলিয়াতের শানে ভূষিত করেন এবং এর উপকারকে ব্যাপকতা আর পূর্ণতা দান করেন। আমীন। সুম্মা আমীন।

সলিমুল্লাহ খান
জামিয়া ফারুকিয়া করাচি
৩০ জমাদিউস্ সানী ১৪৩২ হিজরী
৩ জুন ২০১১ইং শুক্রবার

জামিয়া আহলিয়া দারুল উলূম মঈনুল ইসলাম
হাটহাজারী চট্টগ্রাম এর মুফতী ও মুহাদ্দিস, জামিয়াতুল
উলূম আল ইসলামিয়া আল্লামা বিন্নুরীটাউন করাচির
সাবেক প্রধান মুফতী হযরত মাওলানা মুহাম্মাদ আবদুস
সালাম চাটগামী সাহেবের

অভিমত

হামদ ও সালাতের পর– আল্লাহ তা'আলার অনেক বড় অনুগ্রহ যে, স্বীয় বান্দার জন্য তিনি কিয়ামত পর্যন্ত ইসলামকে হেদায়েতের পথ হিসেবে মনোনীত করেছেন। আর দীন ইসলামের মূলনীতি বুঝার জন্য কুরআনে কারীম নাযিল করেছেন। এই মূলনীতিগুলোকে বুঝানোর জন্য তাঁর প্রিয় রাসূল সাইয়্যিদুল আম্বিয়া মুহাম্মাদ বিন আবদুল্লাহ হাশেমী মুত্তালেবীকে প্রেরণ করেছেন। তিনি নিজের বয়ান, আমল এবং সাহাবায়ে কেরামের কতক বক্তব্য ও কর্মকে সত্যায়ন ও সমর্থনের মাধ্যমে দীন ইসলামকে পূর্ণতায় পৌঁছে দিয়েছেন। আল্লাহ তা'আলা তার প্রিয় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে আমাদের পক্ষ থেকে যথাযথ উত্তম বদলা দান করুন।

জামানার পরিবর্তনে নবসৃষ্ট সমস্যার সমাধানের জন্য আল্লাহ তা'আলা উম্মতের মধ্যে প্রত্যেক জামানায় এমন কিছু ব্যক্তিত্ব সৃষ্টি করে থাকেন, যারা কুরআন, হাদীস ও ফিকহে ইসলামীর আলোকে নতুন-পুরাতন সকল প্রশ্নেরই সমাধান করে থাকেন। আল্লাহ তা'আলা তাদের নিজ নিজ কর্ম-প্রচেষ্টার উত্তম বিনিময় দান করুন।

এভাবেই পরবর্তী যুগের উলামায়ে হক্কানী ও উলামায়ে রব্বানী নবযুগের অবস্থার চাহিদা অনুযায়ী উম্মতকে

দীনের রাহনুমায়ী করে থাকেন। বিষয়ভিত্তিক গ্রন্থ রচনা, তা'লীম ও তাবলীগের পথে যথাসাধ্য সহজতর পদ্ধতি প্রণয়ন করেছেন।

এরই ধারাবাহিকতায় আমাদের প্রিয় ভাই মুহতারাম মাওলানা মুফতী মুহাম্মাদ ইনআমুল হক কাসেমী চাটগামী সাহেব নামায, যাকাত, রোযা, কুরবানীর শরঈ মাসাইলগুলোকে বর্ণানুক্রমিক বিণ্যাসে কিতাবগুলো রচনা করেছেন। মাশাআল্লাহ! যা আকর্ষণীয় কাগজ, দৃষ্টিনন্দন বাঁধাই ও ভলিয়মে ছাপা হয়ে মার্কেটের শোভা বর্ধন করছে।

আল্লাহ তা'আলা তার এই মেহনতকে কবুল করুন। তার জন্য নাজাতের উসিলা করুন। সেই সাথে লেখক, পাঠক ও আমলকারীদের জন্য মাগফিরাতের কারণ বানিয়ে দিন। আমীন।

وصلى الله تعالى على النبى الامى واله واصحابه اجمعين.

বান্দা মুহাম্মাদ আবদুস সালাম
১২ রমযান ১৪৩১ হিজরী

জামিয়াতুল উলূম আল-ইসলামিয়া, আল্লামা বিন্নুরীটাউন
করাচি, পাকিস্তান-এর ইফতা বিভাগের সহকারী প্রধান
হযরত মাওলানা মুফতী আবদুল মজিদ দীনপুরী সাহেবের

অভিমত

باسمہ تعالیٰ

বর্তমান যুগ আরাম প্রিয়তার যুগ। সহজতা প্রিয় যুগ। প্রত্যেকেই নিজ প্রয়োজন পূরণে সহজতা প্রিয়। আল্লাহ তা'আলাও রাহীম ও কারীম। মানুষ যদি সহজতা কামনা করে, তাহলে আল্লাহ তা'আলাও তাঁর শানে কারীমের কারণে মানুষের প্রয়োজন পূরণের রাস্তাও সহজ ও আসান করে দেন। নিজ বান্দাদের মধ্য থেকেই কিছু লোককে সৃষ্টিজীবের মাঝে সহজতা পৌঁছানোর কাজে নিয়োজিত করে দেন। অন্ন, বস্ত্র, বাসস্থান যদি হয় মানুষের দৈহিক প্রয়োজন, তাহলে দীনি মাসাইল ও আহকাম হবে মানুষের আত্মিক ও বাস্তবিক প্রয়োজন। আল্লাহ তা'আলা এ যুগেও বাস্তবিক প্রয়োজন পূরণের পথও সহজ করে দিয়েছেন।

এ বিষয়ে আমাদের প্রিয় সুহৃদ, দারুল ইফতার সাথি, জামিয়াতুল উলূম আল ইসলামিয়া আল্লামা বিন্নুরীটাউন, করাচির মুফতী মুহাম্মদ ইনআমুল হক দীনি মাসাইল ও আহকাম বর্ণানুক্রমিক হিসেবে বিন্যাস করার তৌফিক লাভ করেছেন। সর্বপ্রথম তিনি রোযার মাসাইল লিপিবদ্ধ করেন। তারপর কুরবানীর মাসাইল লিপিবদ্ধ করতে নিজের সময়কে কুরবানী করেন। এরপর যাকাতের মাসাইলগুলো বিস্তারিতভাবে বিন্যস্ত করে নিজের সময়ের যাকাত আদায় করেছেন।

আল্লাহ তা'আলা এই কিতাবগুলোকে কবুলিয়াতের মর্যাদা দিয়ে তাঁকে সম্মানিত করেছেন। এতে তাঁর হিম্মত আরো বেড়ে গেছে। ফলে তিনি অত্যন্ত গুরুত্বপূর্ণ ইবাদত সালাত এর বিধিবিধানগুলো বিশ্বকোষ আকারে চারখণ্ডে লিপিবদ্ধ করেছেন। সকল মাসআলার রেফারেন্স ফতোয়া ও ফিকহের কিতাবের বরাত দিয়ে এটিকে একটি গ্রহণযোগ্য ও নির্ভরযোগ্য প্রামাণ্য কিতাবে পরিণত করেছেন।

এ কিতাবটি থেকে সর্বসাধারণ যেমনিভাবে সহজে উপকৃত হতে পারবে, তেমনি রেফারেন্সসহ লিপিবদ্ধ হওয়ার কারণে মুফতী সাহেবদের জন্যও এটি একটি গ্রহণযোগ্য ও নির্ভরযোগ্য ফতোয়ার কিতাব হিসেবে বিবেচিত হবে। ইনশাআল্লাহ এ কিতাবটিকে মাসাইলের রেফারেন্স হিসেবে উল্লেখ করা যেতে পারে।

আল্লাহ তা'আলার দরবারে দু'আ করছি– এটিকেও পূর্ববর্তী কিতাবগুলোর মতো কবুলিয়াতের শানে ভূষিত করুন।

رَبَّنَا تَقَبَّلْ مِنَّا إِنَّكَ أَنْتَ السَّمِيْعُ الْعَلِيْمُ

মুহাম্মদ আবদুল মজিদ দীনপুরী
১৯ শাওয়াল ১৪৩১ হিজরী
২৯/০৯/২০১০ঈসায়ী

হযরত মাওলানা মুফতী আবদুর রউফ গজনবী সাহেব দা.বা. মুহাদ্দিস জামিয়াতুল উলূম আল-ইসলামিয়া, আল্লামা বিন্নুরীটাউন করাচি, পাকিস্তান। সাবেক উস্তাদ ও মুফতী দারুল উলূম দেওবন্দ ভারত -এর

অভিমত

الحمد لله وحده والصلوة والسلام على من لا نبى بعده، اما بعد!

জামিয়াতুল উলূম আল ইসলামিয়া, আল্লামা বিন্নুরীটাউন, করাচি, পাকিস্তান এর উস্তাদ ও মুফতী, বন্ধুবর মুহতারাম মাওলানা মুফতী ইনআমুল হক কাসেমী সাহেব চারখণ্ড সম্বলিত একটি নতুন কিতাব, নামাযকে মাসাইল কা এনসাইক্লোপিডিয়া নামে রচনা করেছেন। প্রকাশিতব্য সে কিতাবটির বিভিন্ন স্থান দেখার সুযোগ আমার হয়েছে। মাশাআল্লাহ মুফতী সাহেব অত্যন্ত সফল মেহনত করেছেন।

যারা ফিকহী অধ্যায় ও পরিচ্ছেদ সম্পর্কে সম্যক জ্ঞাত নয়, তাদের প্রতি লক্ষ রেখে বর্ণমালার বিন্যাসে মাসাইলগুলোকে অত্যন্ত সহজ-সরল ও বোধগম্য করে লিপিবদ্ধ করেছেন। আর আহলে ইলম তথা উলামায়ে কেরামের রুচি ও আগ্রহের প্রতি লক্ষ্য রেখে ফতোয়া ও ফিকহের প্রসিদ্ধ ও গ্রহণযোগ্য কিতাবসমূহের উদ্ধৃতি দিয়ে প্রত্যেক মাসআলার উৎসমূলও উল্লেখ করেছেন। এসব উদ্ধৃতি ও রেফারেন্স দেখে আমার এতটুকু ধারণা হয়েছে যে, মুফতী সাহেব প্রতিটি মাসআলার রেফারেন্স যথাস্থানে উত্তম পন্থায় উল্লেখ করেছেন।

সুতরাং একথা দৃঢ়তার সাথে বলতে পারি যে, এই কিতাব থেকে একজন সাধারণ মানুষ নামাযের মাসাইল যেমন অতি সহজে জানতে পারবে, ঠিক তেমনিভাবে একজন আলেম ও ফকীহও স্বল্প সময়ে মাসাইলের সন্তোষজনক দলিলও খুঁজে পাবেন।

আল্লাহ তা'আলা হযরত মুফতী সাহেবের এই কিতাবকে আম-খাস সকলের জন্য উপকারী করুন এবং তাঁর পরকালের সফলতা ও নাজাতের উসিলা বানিয়ে দিন। আমীন।

আবদুর রউফ গজনবী
উস্তাদ জামিয়াতুল উলূম আল ইসলামিয়া
আল্লামা বিন্নুরীটাউন, করাচি, পাকিস্তান।
৩০/০৩/১৪৩২ হিজরী

জামিয়া মাদানিয়া বারিধারা ও জামিয়া সুবহানিয়া মাহমুদনগর
ঢাকা এর প্রতিষ্ঠাতা মুহতামিম ও শায়খুল হাদীস, খানকায়ে
মাহমুদিয়া বাংলাদেশ এর আমীর, উস্তাযুল উলামা,
আল্লামা নূর হোছাইন কাসেমী দা.বা.-এর

অভিমত ও দু'আ

সকল প্রশংসা আল্লাহ তা'আলার, যিনি রাব্বুল আলামীন। দুরূদ ও সালাম খাতামুন্নাবিয়্যিনের উপর। যিনি রাহমাতুল্লিল আলামীন।

ঈমানের পরই পালনীয় ইবাদতসমূহের মধ্যে প্রথম স্থান হলো নামাযের। আল্লাহ তা'আলার নৈকট্য লাভের যতগুলো আমল রয়েছে, সেসব আমলের সমষ্টি ও কেন্দ্র হলো নামায। সর্বোপরি নামায হলো মু'মিনের মে'রাজ। কুরআনুল কারীমে অন্যান্য ইবদাতের তুলনায় নামাযের প্রতি বেশি গুরুত্বারোপ করা হয়েছে। কেননা, হুকুকুল্লাহর ব্যাপারে কিয়ামত দিবসে সর্বপ্রথম নামাযেরই হিসাব নেয়া হবে। যার নামায সঠিক হবে, তার অন্যসব আমলও সঠিক হবে। নামায ত্রুটিযুক্ত হলে, অন্য আমলও ত্রুটিযুক্ত হবে। এজন্যই অন্যান্য ইবাদতের তুলনায় নামাযের গুরুত্ব অপরিসীম।

কোনো কাজ সঠিকভাবে করতে হলে এবং তা থেকে ফায়দা হাসিল করতে হলে, সে কাজ সম্পর্কে আগে জানতে হবে এবং যথানিয়মে তা করতে হবে। দুনিয়ার যে কোনো কাজের ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য। নামাযের বিষয়টিও অনুরূপ। নামাযের সকল নিয়ম ও আদব রক্ষা করে সঠিকভাবে তা আদায় করতে হলে, এর ফায়দা হাসিল করতে হলে, নামাযের মাসআলা-মাসাইল জানা আবশ্যক। কারণ, যার যতবেশি মাসআলা জানা থাকবে, তার নামায ততবেশি ত্রুটিমুক্ত ও সুন্দর হবে। ফায়দাও অর্জিত হবে ততবেশি।

যুগে যুগে ওলামায়ে কেরাম নামায সংক্রান্ত মাসাইল সংকলন করে গেছেন। যেন মুসলমানগণ মাসাইল জেনে যথা নিয়মে নিজেদের

নামায সঠিকভাবে আদায় করতে পারে। বাজারে এ সংক্রান্ত আরবী, উর্দু ও বাংলাভাষায় অনেক কিতাব রয়েছে। তবে একটি প্রবাদ আছে– 'প্রত্যেক ফুলের রং ও গন্ধ ভিন্ন ভিন্ন হয়ে থাকে।'

তেমনি প্রত্যেক কিতাবের বৈশিষ্ট্য ও গুণাগুণও ভিন্ন ভিন্ন হয়ে থাকে। প্রত্যেক কিতাবের এমন কিছু বৈশিষ্ট্য ও বিশেষত্ব থাকে, যা অন্য কিতাবে পাওয়া যায় না।

যুগ চাহিদার প্রেক্ষাপটে নতুন সংকলনের প্রয়োজনীয়তা দেখা দেয়। সেই সূত্রে জামিয়াতুল উলূম আল ইসলামিয়া আল্লামা বিন্নুরীটাউন করাচির মুফতী মুহাম্মদ ইনআমুল হক কাসেমী সাহেব উর্দু ভাষায় আদ্যপান্ত নামাযের মাসাইল সম্পর্কিত অনবদ্য একটি বিশ্বকোষ রচনা করেছেন। সাধারণ মানুষের প্রতি লক্ষ্য রেখে মাসাইলগুলো সুন্দর বিন্যাসে বিন্যস্ত করে সহজ-সরল বোধগম্য করে উপস্থাপন করেছেন। আর উলামায়ে কেরামের প্রতি লক্ষ রেখে প্রতিটি মাসআলার উদ্ধৃতিও সংযোজন করেছেন। এতে আম-খাস নির্বিশেষে সকলেই এ কিতাবটি থেকে উপকৃত হতে পারবেন বলে আমার প্রত্যাশা। বাংলা ভাষাভাষী ভাইদের প্রতি লক্ষ করে আমার স্নেহের শাগরেদ মাওলানা আবু হানীফ এ কিতাবটিকে সহজ-সরল বাংলাভাষায় অনুবাদ করেছেন। কিতাবটি সর্বমহলে সমাদৃত হবে বলে আমার দৃঢ় বিশ্বাস। আমার এ ধারণা ও বিশ্বাস যেন যথাযথ হয় এ দু'আই করছি মাওলা পাকের দরবারে।

আল্লাহ তা'আলা সংকলক, অনুবাদক, প্রকাশক, পাঠক ও আমলকারীকে উত্তম বিনিময় দান করুন। আমলী উন্নতির পথ প্রদর্শন করুন। তার এ খেদমতটুকু কবুল করুন এবং কিতাবটিকে তার পরকালীন নাজাতের উসিলা বানিয়ে দিন। ভবিষ্যতে আরো দীনি খেদমতের সুযোগ ও তৌফিক দান করুন। উম্মতে মুসলিমা যাতে ব্যাপকভাবে উপকৃত হতে পারে, সে জন্য কিতাবটিকে মকবুলিয়্যাতে আম্মা দান করুন। আমীন।

আল্লামা নূর হোছাইন কাসেমী
প্রতিষ্ঠাত মুহতামিম ও শায়খুল হাদীস
জামিয়া মাদানিয়া বারিধারা, ঢাকা।
তারিখ : ১২/০৪/২০১৯ইং

লেখকের কথা

নামায হলো দীনের খুঁটি। জান্নাতের চাবি। মু'মিনের জন্য মে'রাজ স্বরূপ। আল্লাহ তা'আলার সাথে বান্দার কথোপকথনের এক বিশেষ মাধ্যম। ফকীহ আবুল লাইস সমরকন্দী রহ. 'তাম্বীহুল গাফেলীন' নামক কিতাবে লিখেছেন। নামাযের মাধ্যমে আল্লাহ তা'আলার সন্তুষ্টি অর্জন হয়। ফেরেশতাদের ভালোবাসা অর্জিত হয়। নবীদের সুন্নত আদায় হয়। মা'রেফাতের নূর অর্জিত হয়। দু'আ কবুল হয়। রিজিকে বরকত হয়। প্রকৃত ঈমান অর্জিত হয়। শারীরিক প্রশান্তি অর্জিত হয়। শত্রুর বিরুদ্ধে অস্ত্র অর্জিত হয়। নামায নামাযীর জন্য সুপারিশকারী হয়। কবরে বাতি হয়। কবরের ভীতিকর অবস্থায় প্রশান্তি দানকারী হয়। মুনকির-নাকীরের প্রশ্নের উত্তর হয়। কিয়ামত দিবসে তার উপরে ছায়া হয়। অন্ধকারে আলো হয়। জাহান্নামের আগুন থেকে রক্ষাকারী। আমলের পাল্লা ভারী হয়। পুলসিরাত দ্রুতগতিতে পারকারী হয় এবং জান্নাতের চাবি হয়।

আল্লামা ইবনে হাজার আসকালানী রহ. 'মুনাব্বিহাত' নামক কিতাবে উল্লেখ করেছেন– নামায হলো দীনের খুঁটি। এতে দশটি উপকারিতা রয়েছে। (১) চেহারার উজ্জ্বলতা (২) অন্তরের নূর (৩) শারীরিক প্রশান্তি এবং সুস্থতার কারণ (৪) কবরের সাথী (৫) আল্লাহ তা'আলার রহমত অবতরণের মাধ্যম (৬) আকাশের চাবি (৭) আমলের পাল্লায় ভারী (৮) আল্লাহ তা'আলার সন্তুষ্টির মাধ্যম (৯) জান্নাতের বিনিময় (১০) জাহান্নামের প্রতিবন্ধক।

হাফেজ ইবনে হাজার আসকালানী রহ. 'মুনাব্বিহাত' নামক কিতাবে হযরত উসমান রাযি. হতে রেওয়ায়েত নকল করেছেন। যে ব্যক্তি ওয়াক্তের পাবন্দীর সাথে নামায আদায় করবে। আল্লাহ তা'আলা নয়টি বিষয়ে তাকে সম্মানিত করবেন। (১) তাকে নিজের প্রিয়পাত্র বানিয়ে নিবেন (২) সুস্থতা দান করবেন (৩) ফেরেশতারা তাকে হেফাজত করেন (৪) তার ঘরে বরকত দান করেন (৫) তার চেহারায় নেককারদের নূর প্রকাশ পায় (৬) তার অন্তর কোমল করে দেন (৭) হাশরের ময়দানে বিদ্যুতের ন্যায়

পুলসিরাত অতিক্রম করে দেবেন (৮) জাহান্নাম থেকে মুক্তি দিবেন (৯) জান্নাতে নেককার সঙ্গী দেবেন।

নামায ইসলামের দ্বিতীয় রুকন এবং সকল ইবাদতের কেন্দ্রবিন্দু। তবে সকল ইবাদতের মধ্যে নামায হলো প্রথম স্তরে। নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মে'রাজ রজনীতে উর্ধ্বগজতে আল্লাহ তা'আলার দিদার লাভের যে সৌভাগ্য লাভ করেছিলেন, মে'রাজ থেকে প্রত্যাগমনের পর দুনিয়াতে নামাযের মাধ্যমে সে দৌলত অর্জিত হয়। এজন্য নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন–

اَلصَّلوٰةُ مِعْرَاجُ الْمُؤْمِنِيْنَ.

নামায হলো মু'মিন ব্যক্তির মে'রাজ।

একজন বান্দা তার প্রভুর সাথে সবচেয়ে বেশি নিকটবর্তী হয় নামাযের মাধ্যমে। এজন্যই রাসূল কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন–

اقرب ما يكون العبد من الرب فى الصلوة.

উদারমনাদের জন্য আনন্দের খোরাক হলো নামায। অসুস্থদের জন্য প্রশান্তিদায়ক। ارحنى يا بلال হে বেলাল আমাকে প্রশান্তি দাও। قرة عينى فى الصلوة নামায হলো আমার চোখের শীতলতা।

হাদীস শরীফে বর্ণিত আছে– রাসূল কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন– কিয়ামত দিবসে বান্দার সর্বপ্রথম নামাযের হিসাব নেয়া হবে। যদি নামায সঠিক হয়, তাহলে সকল আমল সঠিক হবে। যদি নামায ত্রুটিযুক্ত হয়, তাহলে সকল আমল ত্রুটিযুক্ত হবে। অন্য হাদীসে এসেছে– সে ধ্বংস হলো এবং ক্ষতিগ্রস্ত হলো।

হযরত আবু সাঈদ খুদরী রাযি. থেকে বর্ণিত, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন– যে ব্যক্তি জেনে বুঝে নামায ছেড়ে দেয়, তার নাম জাহান্নামের ওই দরজায় লিখে দেয়া হয়, যে দরজা দিয়ে সে জাহান্নামে প্রবেশ করবে। –মুকাশাফাতুল কুলুব

হযরত নওফল বিন মুগীরা রাযি. থেকে বর্ণিত, নবী কারীম সাল্লাল্লাহু

আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন– من فاته صلوة فكانما وتر اهله وماله যার নামায ছুটে গেল, তার যেন ঘর-বাড়ি, ধন-সম্পদ লুট হয়ে গেল। এক হাদীসে বর্ণিত হয়েছে, বিনা ওজরে জেনে বুঝে নামায পরিত্যাগকারীর প্রতি কিয়ামত দিবসে আল্লাহ তা'আলা তাকাবেনই না। তাকে যন্ত্রণাদায়ক শাস্তি দেয়া হবে।

অপর হাদীসে বর্ণিত হয়েছে– কিয়ামত দিবসে বেনামাযীর হাঁত-পা বাঁধা থাকবে। ফেরেশতারা তার মুখ ও পিঠে আঘাত করতে থাকবে। জান্নাত বলবে– তোমার সাথে আমার কোনো সম্পর্ক নেই। তুমি আমার নও, আমি তোমার নই। জাহান্নাম বলবে– আমার কাছে এসো। আমি তোমার জন্য, আর তুমি আমার জন্য।

অপর এক হাদীসে এসেছে– লামলাম নামক জাহান্নামে একটি উপত্যকা আছে। এতে সাপ, বিচ্ছু আছে। তার দৈর্ঘ এক মাসের দূরত্বের সমান। সেই উপত্যকায় বেনামাযীকে শাস্তি দেয়া হবে।

অন্য এক হাদীসে বর্ণিত হয়েছে– 'জুব্বুল হুযুন' নামক জাহান্নামে একটি উপত্যকা আছে, যাকে বিচ্ছুদের ঘর বলা হয়। তার প্রতিটি বিচ্ছু খচ্চরের সমান বড় হবে। সেখানে বেনামাযীকে শাস্তি দেয়া হবে।

কোনো ফকীহ লিখেছেন– যে মহিলাকে বুঝানোর পরও নামায পড়ে না, তাকে তালাক দিয়ে দাও। যদিও মোহর আদায় করতে কষ্ট হয়। কিয়ামত দিবসে বেনামাযীর স্বামী হয়ে উঠার চেয়ে ঋণের বোঝা মাথায় নিয়ে আল্লাহর সামনে হাজির হওয়া অনেক উত্তম।

আল্লামা ইবনুল জাওযী রহ. লিখেছেন– কিয়ামত দিবসে বেনামাযীর কপালে তিনটি লাইন লেখা থাকবে। (১) হে আল্লাহর হক বিনষ্টকারী; (২) হে আল্লাহর ক্রোধ ও অসন্তুষ্টির যোগ্য ব্যক্তি; (৩) যেভাবে তুমি আল্লাহর হক বিনষ্ট করেছো, ঠিক সেভাবেই আল্লাহর রহমত থেকে তুমি নিরাশ হও।

হাদীস শরীফে অপর একটি বর্ণনায় এসেছে– রাষ্ট্র পরিচালনা বা রাষ্ট্রীয় দায়িত্ব পালনের কারণে নামাযে অলসতাকারীর সামনে কিয়ামতের দিন হযরত সুলাইমান আলাইহিস্ সালাম ও হযরত দাউদ আলাইহিস সালামকে

উপস্থিত করা হবে। অসুস্থতার কারণে নামায পরিত্যাগকারীর সামনে হযরত আইয়ুব আলাইহিস সালামকে উপস্থিত করা হবে। সন্তান-সন্ততির কারণে নামায পরিত্যাগকারীর সামনে হযরত ইয়াকুব আলাইহিস্ সালামকে উপস্থিত করা হবে। চাকরির ভয়ে নামাযে অলসতাকারীর সামনে বিবি আসিয়াকে পেশ করা হবে।

রাস্তায় শয়তানের সাথে এক বুযুর্গের সাক্ষাত হলো। বুযুর্গ বললেন– আমাকে এমন একটি কাজ বলে দাও, যাতে তোমার দলভুক্ত হতে পারি। জবাবে সে বললো– নামাযে অলসতা করো। সত্য-মিথ্যা কসম খাও। বুযুর্গ কসম খেয়ে বললেন– আমি একাজ কখনো করবো না। একথা শুনে শয়তান হতভম্ব হয়ে গেল। সে বললো– আমিও ওয়াদা করছি, আদম সন্তানকে কখনো সত্য কথা বলবো না।

এক হাদীসে এসেছে– ফজরের নামায তরককারীকে ফেরেশতারা বলেন– হে পাপাচারী! যোহরের নামায তরককারীকে বলেন– হে ক্ষতিগ্রস্ত, অকর্মা! আসরের নামায তরককারীকে বলেন– হে নাফরমান, গুনাহগার! মাগরিবের নামায তরককারীকে বলেন– হে কাফের না-শুকরগুজার! এশার নামায তরককারীকে বলেন– হে ক্ষতিগ্রস্ত, বরবাদী, অনিষ্টকারী! আল্লাহ তোকে ধ্বংস করুক।

এজন্যই প্রত্যেক মুসলমান নর-নারীর উপর আবশ্যক কোনো প্রকার অলসতা না করে প্রত্যেকটি নামায সময়মতো আদায় করা। মহিলারা ঘরেই নামায পড়বে। এতে তারা মসজিদে গিয়ে জামাতে নামায আদায়ের চেয়ে অধিক সওয়াব পাবে। পুরুষরা মসজিদে গিয়ে তাকবিরে উলার সাথে জামাতে নামায আদায় করবে। যাতে দুনিয়া, আখেরাত উভয় জাহানের কামিয়াবী হাসিল হয়। কবরের ঘাটিগুলো সহজ হয়। জান্নাত নসীব হয়। সকল ঘাঁটিতেই আনন্দ উপভোগ্য হয়।

ফরয, ওয়াজিব ও সুন্নতে মুআক্কাদার সাথে সাথে অধিক পরিমাণে নফলও পড়া উচিত। যাতে ফরযের ত্রুটির ক্ষতিপূরণ সম্ভব হয়। এক্ষেত্রে মহিলাদেরও পিছিয়ে থাকা উচিত নয়। পুরুষদের সাথে সাথে তাদেরও অগ্রসরমান হওয়া চাই।

কিতাবে রাবেয়া আদাবিয়া রহ. সম্পর্কে লেখা আছে– তিনি দিন-রাতে এক

হাজার রাকাত নামায পড়তেন। আর বলতেন– এ কয় রাকাত নামায আমি সওয়াবের জন্য পড়ছি না; বরং এজন্য পড়ছি যে, কিয়ামত দিবসে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যেন অন্যান্য নবীদের সামনে এই বলে গর্ব প্রকাশ করতে পারেন যে, আমার উম্মতের নূন্যতম একজন মহিলার এই ইবাদত। কিতাবে আরো অনুরূপ ঘটনা লিপিবদ্ধ রয়েছে।

নামায সবচেয়ে গুরুত্বপূর্ণ ইবাদত। এর মাসআলা জানা ব্যতীত সহীহভাবে আদায় করা সম্ভব নয়। তাই আমি আল্লাহ তা'আলার তৌফিক এবং তার ফযল ও করমের উপর ভরসা করে নামাযের মাসআলাগুলোকে আরবী বর্ণমালার বিন্যাসে সাজিয়েছি। সাথে সাথে নামাযের ফযিলত, হেকমত, দর্শন ও বিজ্ঞানের কিছু গুরুত্বপূর্ণ বিষয়ও সংযুক্ত করেছি। যাতে কেউ যদি এর গভীরে যেতে চায়, তাহলে সেও যেন এতে মনের তৃপ্তিদায়ক খোরাক পায়।

পরিশেষে, যারা প্রুফ রিডিং, রেফারেন্স ইত্যাদি কাজে সহযোগিতার হাত বাড়িয়েছেন, তাঁদের কৃতজ্ঞতা আদায় করছি। আল্লাহ তা'আলা তাঁর শান মুতাবেক তাদেরকে উত্তমতর বদলা দান করুন।

সর্বশেষ আল্লাহর নিকট এই মুনাজাত, তিনি যেন এই কিতাবকে কবুলিয়াতের শানে ভূষিত করেন। নাজাতের জন্য সদকায়ে জারিয়ার মাধ্যম বানিয়ে দেন। এই কিতাব যারা পড়বেন, শুনাবেন, আমল করবেন, তাদের সকলকে উত্তমতর প্রতিদানে ভূষিত করুন। আমীন।

মুহাম্মদ ইনআমুল হক কাসেমী
দারুল ইফতা জামিয়াতুল উলূম আল ইসলামিয়া
আল্লামা বিন্নুরীটাউন, করাচি, পাকিস্তান।
২৮/০৯/১৪৩১হিজরী

অনুবাদকের কথা

সম্ভবত ২০১২ সাল। মালিবাগ গিয়েছিলাম কোনো এক কাজে। ফেরার পথে মাকতাবাতুস্ সালামে ঢুকলাম। প্রথমেই দৃষ্টি পড়লো نماز کے مسائل کا انسائکلوپیڈیا কিতাবটির উপর। এটি চার খণ্ডে নামাযের মাসাইল সম্পর্কিত একটি পূর্ণাঙ্গ কিতাব। হাতে নিয়ে পড়তে বসে গেলাম। প্রতিটি মাসআলার সহজ-সরল উপস্থাপন। সাথে সাথে উদ্ধৃতিও সংযুক্ত। খুবই চমৎকার মনে হলো। কিতাবটি কিনে ফেললাম। ভাবলাম এটি অনুবাদ করলে আম জনতার চেয়ে আমি নিজে বেশি উপকৃত হবো। কারণ, অনুবাদ করতে গিয়ে মাসআলার এই বিশাল ভাণ্ডার আমার পড়া হয়ে যাবে। আল্লাহর তৌফিক, ফজল ও করমের উপর ভরসা করে অনুবাদ শুরু করে দিলাম। অনুবাদ করতে গিয়ে মাসআলাগত কোনো জটিলতার সম্মুখিন হলে জামিয়া মাদানিয়া বারিধারার প্রধাম মুফতী, মুফতী ইকবাল হোসাইন সাহেব, মুফতী মহিউদ্দীন মা'সুম সাহেব, মুফতী হোসাইন আহমদ সাহেব, মুফতী ও আদীব হাসসান মাহমুদ সাহেবের কাছ থেকে জটিলতা নিরসন করেছি। ভৌগলিক অবস্থান হিসেবে সময় পরিচিতি ও অন্যান্য বিষয়ে আমার পরম শ্রদ্ধেয় উস্তাদ, জামিয়া মাদানিয়া বারিধারার শায়খুল হাদীস আল্লামা উবায়দুল্লাহ ফারুক সাহেব দা. বা.-এর স্মরণাপন্ন হয়েছি। শাব্দিক জটিলতায় আদীব হুজুর, আল্লামা আবুল হাসান আলাউদ্দীন সাহেবের কাছে গিয়েছি। এভাবে চলতে থাকে অনুবাদকর্ম। অবশেষে একদিন শেষ হলো। অনুবাদ কর্মে ত্রুটি থাকাটাই স্বাভাবিক। ত্রুটি মুক্তির যথাসাধ্য চেষ্টা করা হেয়েছে। তবে কতটুকু ত্রুটিমুক্ত হয়েছে এবং অনুবাদকর্ম কতটুকু কতটা সফল হয়েছে, তার ভার পাঠকের হাতেই রইল। ভুলত্রুটি ক্ষমা সুন্দর দৃষ্টির ও অবগতি দানের প্রত্যাশী।

উল্লেখ্য যে, প্রতিটি মাসআলার সাথে নির্ভরযোগ্য কিতাবের রেফারেন্স উল্লেখ করা হয়েছে। আর রেফারেন্সের কিতাবগুলোর একটি তালিকা বক্ষমান কিতাবের শেষে যুক্ত করে দেয়া হয়েছে।

অনুবাদকর্ম তো শেষ হলো। কিতাবটি আলমারিতেই ঘুমিয়ে রইলো অনেক দিন। এতটুকু কষ্ট করলাম। আমি উপকৃত হলাম তো বটে, কিন্তু আম জনতা তো উপকৃত হতে পারলো না। তাই আম জনতার উপকারার্থে কিতাবটি বাজারে আসার প্রয়োজনীয়তা অনুভব করছিলাম। একদিন জামিয়া দ্বীনিয়া পীরজঙ্গী মাদরাসার মুহাদ্দিস মাওলানা জাহিদুল ইসলাম সাহেবকে ফোন করে বিষয়টি জানালাম। তিনি বাংলাবাজার আনোয়ার লাইব্রেরীর তত্ত্বাবধায়ক মোস্তফা কামাল সাহেবকে কিতাবটি ছাপতে বলায় তিনি রাজি হয়ে গেলেন। তিনি কিতাবটির ছাপার দায়িত্ব নেয়ায় বিশেষ শুকরিয়া আদায় করছি। সাথে সাথে শুকরিয়া জ্ঞাপন করছি কিতাবটি প্রকাশে সংশ্লিষ্ট সকলের।

পরিশেষে আল্লাহ তা'আলার দরবারে মুনাজাত করছি, তিনি যেন সংকলক, অনুবাদক, প্রকাশক এবং সংশ্লিষ্ট সকলকে উত্তম বিনিময়ে ভূষিত করেন। কিতাবটিকে মকবুলিয়াতে আম্মা দান করেন এবং নাজাতের উসিলা বানান। আর দীনি কাজে লেগে থাকার তৌফিক দান করেন। আমীন।

মুহতাজে দু'আ
আবু হানীফ
জামিয়া মাদানিয়া বারধারা, ঢাকা।
০১/০১/২০১৯ইং

সূচীপত্র : ১ম খণ্ড

বিষয় **পৃষ্ঠা**

অপারেশন পরবর্তী নামায ৫৭
অপারেশনের সময় ডাক্তারের নামায ৫৭
অবশিষ্ট রাকাত ৫৭
অনুচ্চস্বরে আমীন বলা ৫৭
অন্যের দু'আ শুনে আমীন বললে ৫৮
অন্যের ফাতেহা শুনে আমীন বলে ফেললে ৫৮
অন্তরের রোগ থেকে মুক্তি ৫৮
অন্ধকারে নামায পড়া ৫৮
অসুস্থতার কাযা সুস্থতায় করা ৫৮
আমীন বলার নিয়ম ৫৯
আগুনে পানি ঢালা ৫৯
অষ্ট্রেলিয়ান এক বিশেষজ্ঞের পরামর্শ ৫৯
আওয়াজ শুনে ইকতিদা করা ৬০
আওয়াজ কতটুকু উচু হবে? ৬০
আসমানের দিকে তাকানো ৬০
আস্তে কেরাত পড়া ৬০
আস্তে পড়ার সীমা ৬১
আস্তের নামাযে জোরে কেরাত পড়া ৬১
আয়াত ছেড়ে দিলে ৬১
اعوذ بالله পড়া ছেড়ে দিলে ৬১
আয়াতে সেজদা পড়া ছাড়াই সেজদায়ে তেলাওয়াত করা ৬২
আয়াতে সেজদা তেলাওয়াতের সাথে সাথে সেজদা করা ৬২
আয়াতের শেষে লেখা '৩' চিহ্নিত স্থানে থামা ৬২
আদা নামায কাকে বলে ৬২
আযান ৬২
আযান ও ইকামতের মধ্যে সময়ের ব্যবধান ৬৩
আযান ও ইকামাতের মাঝে বিলম্ব করা ৬৪
আযান শুনে নামাযের প্রস্তুতি গ্রহণ করা ৬৪

বিষয় **পৃষ্ঠা**

আযানের পূর্বে উচ্চস্বরে আউযুবিল্লাহ ও বিসমিল্লাহ পড়ার হুকুম.....৬৫
আযানের পূর্বে দুরূদ ও সালাম পাঠ করা.....৬৫
আযান ছাড়া জামাত করা ৬৫
আযানের জবাব দেয়ার এক আশ্চর্য কাহিনী ৬৬
আযানের সময় চুপ থাকা.....৬৮
আযানে الله اكبر শব্দের স্বরচিহ্ন ৬৮
আযানে কোনো শব্দ ভুলে গেলে ৬৮
আযানে হাঁটাহাঁটি করা.....৬৮
اكبر শব্দ ইমামের আগে বলে ফেললে.....৬৯
اكبر শব্দের ب হরফের পর الف বৃদ্ধি করা ৬৯
আগের কাতারে জায়গা থাকলে ৬৯
আত্তাহিয়্যাতু পড়ে চুপ করে বসে থাকা.....৬৯
اعوذ بالله পড়া.....৭০
السلام عليكم এর মাধ্যমে নামায শেষ করা.....৭০
السلام عليكم এর জায়গায় عليتم বলে ফেললে.....৭০
الذى এবং ن الذى । ৭০
الله اكبار বলা ৭১
الله শব্দের 'আলিফ' কে টেনে পড়া.....৭১
আল্লাহ তায়ালার ছায়ায় আশ্রয় ৭১
আগত ব্যক্তি ইমামকে রুকুতে পেলে কী করবে?.....৭২
আমরদকে ইমাম বানানো.....৭২
اَنَا শব্দের আলিফ পড়া ৭২
আঙ্গুলের উপর গণনা করা ৭২
আঙ্গুল মটকানো.....৭৩
আওয়াবিন নামাযের নিয়ত.....৭৩
আওসাতে মুফাস্সাল.....৭৩
আসরের নামায.....৭৩
আসরের নামাযের পর অযীফা পড়ার কারণ ৭৪
আউলিয়া কেরামের আমল.....৭৪
আউয়াল ওয়াক্তে নামায পড়া.....৭৪

বিষয় পৃষ্ঠা

আশ্চর্য খবর শুনে 'সুবহানাল্লাহ' বলা ৭৪
আঁটসাট পায়জামা পরিধানকারীর ইমামতি ৭৪
ইকতেদা শুদ্ধ হবে না ৭৫
ইকতিদার নিয়ত করা ৭৫
ইকতিদার জায়গা এক হওয়া ৭৫
ইকামত ৭৬
ইকামত শুরু করার জন্য ইমামের মুসল্লায় দাঁড়ানো জরুরি নয় ৭৬
ইকামত আরবী ভাষায় হওয়া জরুরি ৭৭
ইকামতের পর অন্য নামায শুরু করা ৭৭
ইকামতের আগে দাঁড়ানো ৭৭
ইকামতের সময় মুক্তাদী কখন দাঁড়াবে? ৭৮
ইকামতের সময় ডানে-বামে মুখ ফেরানো ৭৯
ইকামতে কখন দাঁড়ানো উচিত? ৭৯
ইচ্ছার বিপরীত সুরা পড়ে ফেললে ৮০
ইতালীয় বিশেষজ্ঞের অভিজ্ঞতা ৮০
ইনজেকশন ৮০
ইমামের অনুসরণ করা ৮০
ইমাম অনুচ্চস্বরে কেরাত পড়বে ৮১
ইমামের আওয়াজ উঁচু করার পর্যায় ৮১
ইমাম উঁচু জায়গায় দাঁড়ালে ৮১
ইমাম সেজদায়ে সাহু করার পর মাসবুক তার ইকতিদা করলে ৮২
ইমাম হওয়ার অধিক যোগ্য ৮২
ইমাম কখন তাকবীর বলবে ৮৩
ইমামতের নিয়ত ৮৩
ইমামতের জন্য বংশের বিবেচনা করা জরুরি নয় ৮৪
ইমামতি করা মাকরূহ ৮৪
ইমাম তৃতীয় সেজদায় চলে গেলে ৮৪
ইমাম কখন দু'আ করবে ৮৫
ইমাম সালাম ফেরানোর সময় ৮৫
ইমাম সালাম ফেরানোর পর কোন দিকে মুখ করে বসবে? ৮৫

বিষয় পৃষ্ঠা

ইমামের আগে রুকন আদায় করা....৮৬
ইমামের আগে মুক্তাদীর সালাম ফেরানো....৮৬
ইমামের আগে কোনো রুকন আদায় করলে....৮৭
ইমামের আগে কোনো কাজ করা....৮৭
ইমামের আগে রুকু-সেজদা করা....৮৭
ইমামের প্রতি অসন্তুষ্টি....৮৮
ইমাম কাতার সোজা করাবেন....৮৮
ইমাম শেষ বৈঠকের পর দাঁড়িয়ে গেলে....৮৮
ইমাম শেষ বৈঠকের পর দাঁড়িয়ে গেল, মাসবুক ইমামের অনুসরণ করল....৮৯
ইমাম প্রথম বৈঠক না করে ভুলে দাড়িয়ে গেলে....৮৯
ইমামের ইকামত বলা....৮৯
ইমাম সাহেব উপর তলায় দাঁড়ানো....৮৯
ইমামের উঁচু জায়গায় দাঁড়ানো....৮৯
ইমামের 'সুতরা' মুক্তাদীর জন্য যথেষ্ট....৯০
ইমাম কাতারের মাঝে দাঁড়ানো....৯০
ইমাম কাফের ছিল....৯০
ইমাম কারো রেয়াত করে কেরাত লম্বা করা....৯০
ইমাম মাঝ মেহরাব থেকে সরে দাঁড়ানো....৯০
ইমামের অজু ভেঙ্গে গেলে....৯১
ইমাম কাকে বানাবে....৯১
ইমাম সাহেব কা'বার ভেতরে হলে....৯২
ইমামকে যে অবস্থায় পাবে শরীক হয়ে যাবে....৯২
ইমামের হদস হলে....৯২
ইমামের ভুল হওয়ার পর অযু ভেঙ্গে গেলে....৯৩
ইমাম সাহেব কাতারের মাঝ বরাবর দাঁড়ানো উচিত....৯৪
ইমাম কোথায় দাঁড়াবে?....৯৪
ইমামের আওয়াজ....৯৪
ইমামের আওয়াজ শুনে ইকতিদা করা....৯৫
ইমামের অনুসরণ করার তিন অবস্থা....৯৫
ইমামের তেলাওয়াত ও আধুনিক বিজ্ঞান....৯৬

বিষয় পৃষ্ঠা

ইমামের অবস্থা জানা থাকা ৯৬
ইমাম দু'আ করার সময় মুক্তাদী কী করবে? ৯৭
ইমামের অনুসরণ করা ওয়াজিব ৯৭
ইমামের নামায ফাসেদ হয়ে গেলে ইমাম কী করবে? ৯৭
ইমামের নামায ফাসেদ হয়ে গেছে ৯৮
ইমামের নামায হয় নাই ৯৮
ইমামের কারণে মুক্তাদীর উপর সাহু সেজদা ওয়াজিব ৯৮
ইমামের পেছনে কুরআন পড়া ৯৯
ইমামের পেছনে কম দূরত্বে কাতার করা ৯৯
ইমামের ডানে-বামে দাঁড়ানো ৯৯
ইমামের সাথে একজন পুরুষ হলে ৯৯
ইমামের সাথে দু'আ করা ১০০
ইমামের সাথে দুই ব্যক্তি হলে ১০০
ইমামের সাথে নামাযীর রুকু বাকি থাকলে ১০০
ইমামের সাথে মুক্তাদীর সেজদা রয়ে গেলে ১০১
ইমামের সাথে সেজদায়ে সাহু একটি পেলে ১০১
ইমাম ছাড়া অন্যকে লোকমা দেয়া ১০১
ইমামের নিকট কে দাড়াবে? ১০১
ইমাম মুক্তাদীর লুকমা গ্রহণ করা ১০১
ইমাম এবং মুক্তাদীর নামায ভিন্ন ভিন্ন না হওয়া ১০২
ইমাম মুক্তাদীদেরকে নির্দেশ করবে ১০২
ইমাম না করলে মুক্তাদীও করবে না ১০২
ইমাম এক সেজদা করেছে আর মুক্তাদী দুই সেজদা ১০৩
ইমাম সালামের পর সেজদায়ে সাহু করলো, এখন মাসবূক কী করবে? ১০৩
ইমাম সুন্নতে মুয়াক্কাদাহ পড়েনি ১০৪
ইমাম সূরা নাস পড়লে মাসবূক কী করবে? ১০৪
ইমাম নিজের কুফর কথা স্বীকার করলে ১০৪
ইমাম লুকমা গ্রহণ করেনি ১০৫
ইমাম ও মুক্তাদীর মাঝে দূরত্ব ১০৫
ইমাম সাহেব হালকা নামায পড়াবে ১০৫

বিষয় **পৃষ্ঠা**

ইমামের পরিবর্তনের অবস্থা জানা থাকা ১০৫
ইমাম তৃতীয় রাকাতে বসে গেলে ১০৫
ইমামের আগে তাকবীর বলবে না ১০৬
الينا শব্দের জায়গায় علينا পড়া ১০৬
ইশরাকের নামায ১০৬
ইশরাকের নামাযের ফযিলত ১০৬
ইশরাক নামাযের নিয়ত ১০৭
ইশারা ১০৭
ইশারায় নামায আদায়কারী রুকু-সেজদায় সক্ষম হওয়া ১০৮
ইশারা দ্বারা নামায আদায় জায়েয হওয়ার হেকমত ১০৮
ইস্তেখারার হাকিকত ১০৮
ইসতেখারার নামায ১০৮
ইসতিসকার নামায ১১০
ইসতিসকার দু'আ ১১১
ইসতেসকার নামাযে চাদর উল্টানোর হেকমত ১১১
ইসলামের শি'আর ১১২
ইসলামের বুনিয়াদ পাঁচটি ১১৩
ইহরামের নামায ১১৩
ইয়ারকণ্ডিশান ১১৩
ইয়ারকণ্ডিশনের কারণে দরজা বন্ধ করা ১১৩
উত্তম ব্যক্তিকে ইমাম বানাবে ১১৪
উচ্চস্বরে اعوذ بالله পড়ে ফেললে ১১৪
উত্তম মসজিদ ১১৪
উম্মীকে খলীফা বানিয়ে দিলে ১১৪
উম্মী কুরআনের আয়াত শিখে নিলে ১১৫
উট বাঁধার স্থানে নামায পড়া নিষিদ্ধ হওয়ার কারণ ১১৫
উচ্চ আওয়াজে بسم الله الرحمن الرحيم পড়া ১১৫
উচ্চ আওয়াজে কেরাত পড়ার সীমা ১১৬
এশার নামায ১১৬
এক রাকাতে একাধিক সূরা পড়া ১১৭

বিষয় পৃষ্ঠা

এক সূরা থেকে অন্য সূরায় চলে গেলে ১১৭
একই সূরা দুই রাকাতে পড়া ১১৭
এক মিছাল ১১৭
একই সূরার কিছু কিছু আয়াত পড়া ১১৮
এক তাসবীহ এর জায়গায় অন্য তাসবীহ পড়া ১১৮
একাকী কাতারে দাঁড়ানো ১১৯
একাকী ফরয নামায পড়াবস্থায় জামাত দাঁড়ালে ১১৯
এশার আগে তারাবীহ পড়ে নিলে ১১৯
কপাল এবং নাকে জখম থাকলে ১২০
কপালে মাটি লাগলে ১২০
কপালের মাটি পরিষ্কার করা ১২০
কাতারের ডানে-বামে দাঁড়িয়ে ইকামত বলা ১২০
কাতার থেকে আগে পিছে হওয়া ১২০
কিয়াম অবস্থায় তাশাহুদ পড়লে ১২১
কেরাতে তাজবীদের প্রতি খেয়াল না করা ১২১
কোনো কিছুর টুকরা মুখে রেখে নামায পড়া ১২১
কোনো কাজের মাধ্যমে নামায শেষ করা ১২২
গেঞ্জি পরে নামায পড়া ১২২
চোখের অপারেশন হলে ১২২
চোখের ইশারায় নামায পড়া ১২২
ছবি ঢেকে রাখা ১২২
ছবি ছোট হলে ১২৩
ছবিযুক্ত কাপড় ১২৩
জবর দখল করা জমিতে নামায ১২৩
জামার হাতা ১২৩
জামার হাতা নামানো ১২৩
জামাতে উত্তম লোক কোথায় দাঁড়াবে? ১২৪
জোরে তাসবীহ পড়া ১২৪
জ্বলন্ত আগুন সামনে নিয়ে নামায পড়া ১২৪
টাই পরে নামায পড়া ১২৪

বিষয় **পৃষ্ঠা**

টাখনু ঢেকে নামায পড়া ১২৫
টাখনু ঢেকে রাখা ১২৫
টাখনুর নিচে পায়জামা পরিধানকারীর ইমামতি ১২৬
টিভির কামরা ১২৬
টেলিভিশন দেখে এমন লোকের ইমামতি ১২৬
টেলিভিশনের মাধ্যমে ইকতিদা করা ১২৬
টুপি পরে নামায পড়া ১২৭
তওবা দ্বারা ফরয মাফ হয় না ১২৮
তওবা দ্বারা কাযা মাফ হয় না ১২৮
তওবার নামায ১২৮
তরজমা পড়ে ফেললেন ১২৯
তাওহীদের প্রতি ইশারা ১২৯
তাকবীর ১৩০
তাকবীর বলার সহীহ তরীকা ১৩০
তাকবীরে উলা ফওত হওয়ার আফসোস ১৩২
তাকবীরে উলার সাওয়াব ১৩২
তাকবীরে উলার ফযীলত ১৩২
তাকবীরে তাহরিমা ১৩২
তাকবীরে তাহরিমা রুকুতে ঝুকার সময় বলা ১৩৩
তাকবীরে তাহরিমা রুকন না শর্ত? ১৩৪
তাকবীরে তাহরিমা সহীহ হওয়ার শর্ত আটটি ১৩৪
তাকবীরে তাহরিমা বলেই রুকুতে চলে গেলে ১৩৫
তাকবীরে তাহরিমা বলার সুন্নত তরীকা ১৩৫
তাকবীরে তাহরিমার ব্যাপারে সন্দেহ হলে ১৩৭
তাকবীরে তাহরিমার পর সাথে সাথে হাত বেঁধে নেবে ১৩৭
তাকবীরে তাহরিমার পর হাত বাঁধা সুন্নত ১৩৭
তাকবীরে তাহরিমার পর হাত বেঁধে নেবে ১৩৭
তাকবীরে তাহরিমার জন্য হাত উঠানোর সময় ১৩৮
তাকবীরে তাহরিমার সময় মাথা না ঝুঁকানো ১৩৮
তাকবীরে তাহরিমা মুক্তাদী আগে বললে ১৩৮

বিষয় পৃষ্ঠা

তাকবীরে তাহরিমার সময় উভয় হাত উঠানোর রহস্য ১৩৮
